

# পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০, ওয়েবসাইট : www.wbcuta.org,

E-mail : wbcuta@yahoo.in

সার্কুলার- ১০/২০১৮

তারিখ : ১১ - ০৯ - ২০১৮

কনভেনর প্রাইমারী ইউনিট, সম্পাদক জেলা কমিটি

কলেজ/বিশ্ববিদ্যালয়

## জরুরী সার্কুলার

প্রিয় সাথী,

আপনাদের আগেই জানিয়েছিলাম, কর্মসমিতির সর্বসম্মত সিদ্ধান্ত অনুসারে কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলিতে কর্মরত আংশিক, অতিথি ও চুক্তিভিত্তিক শিক্ষক বন্ধুদের নির্দিষ্ট বেতনক্রম ও নির্দিষ্ট চাকুরীর শর্তাবলী প্রণয়নের দাবিতে অধ্যাপক সমিতি সর্বাধিক গুরুত্ব দিয়ে আন্দোলন চালিয়ে যাবে। গত বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত মেনে আমরা শুধুমাত্র উপরোক্ত শিক্ষক বন্ধুদের দাবি নিয়ে বিকাশ ভবন অভিযান কর্মসূচী গ্রহণ করেছিলাম। ঐদিনের অবস্থানে আমরা ঘোষণা করেছিলাম, পথে নেমে আন্দোলন কর্মসূচির পাশাপাশি অধ্যাপক সমিতি অস্থায়ী শিক্ষকদের দাবি নিয়ে আইনী লড়াইয়ের পথে যাবে।

সেই বোঝাপড়া অনুযায়ী আমরা অধ্যাপক সমিতির পক্ষ থেকে কলকাতা হাইকোর্টে আইনী লড়াই-এর প্রস্তুতি শুরু করেছি। এবিষয়ে আইনজ্ঞের সাথে কথাবার্তা সংক্রান্ত প্রাথমিক কাজ শেষ হয়েছে। প্রয়োজনীয় কাগজপত্র আমরা আইনজ্ঞের হাতে তুলে দিয়েছি। এবার দ্রুত এই মামলার দাখিলা পর্বের কাজ আমরা শুরু করবো। এই মুহুর্তে PTT এবং CWTT শিক্ষক বন্ধুদের জন্য দুটি স্বতন্ত্র রীট পিটিশন দাখিলের কাজ শুরু হবে।

সকল আগ্রহী PTT এবং CWTT শিক্ষক বন্ধুর কাছে আমাদের অনুরোধ আগামী ২০ তারিখের মধ্যে আপনারা যারা এই আইনী লড়াই-এ পাঠি হতে ইচ্ছুক, নিম্নলিখিত কাগজগুলি সহ সমিতির দপ্তরে যোগাযোগ করুন :

- ১) Address Proof ২) Xerox Copy of -- AADHAR CARD, VOTER ID
- ৩) Xerox Copy of Approval Letter ৪) Xerox copy of University Assignment Letter ৫) Passport Size Photo -- 2 copies

আপনারা জানেন আদালতে এই লড়াই পরিচালনা ব্যয় সাপেক্ষ। সমিতি এই লড়াই-এর বেশীর ভাগ খরচ বহন করবে। আপনারা যারা মামলার পাঠি হবেন তাদের ক্ষেত্রে CWTT বন্ধুদের এককালীন ৩০০০/- (তিন হাজার টাকা) ও PTT বন্ধুদের এককালীন ২০০০/- (দুই হাজার টাকা) ওকালত নামা সই করার সময় দিতে হবে।

আশাকরি আপনারা বিষয়টির গুরুত্ব যথাযথ ভাবে উপলব্ধি করে প্রয়োজনীয় সহযোগিতা করবেন।

অধ্যাপক সমিতির সদস্য ছাড়া অন্য কেউ এই লড়াই-এ পাঠি হতে পারবেন না। তাই সদস্য নন এমন যারা মামলায় অংশ নিতে চান সমিতির সভ্য পদ বাবদ ২০০/- টাকা অবশ্যই জমা দেবেন।

জেলা সম্পাদকদের এবিষয়ে জরুরী ভিত্তিতে উদ্যোগ নিয়ে আগ্রহী সকল PTT এবং CWTT শিক্ষক বন্ধুদের সাথে যোগাযোগ করবার জন্য অনুরোধ করছি।

অভিনন্দন সহ

শ্রীশ্রীনাথ প্রহরাজ

(শ্রীশ্রীনাথ প্রহরাজ)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৪৩৩৮২০৬১০